

প্রদান করে।

৭ দফা দাবি মানা না হলে বৃহত্তর আন্দোলনে যাবেন শিক্ষক-কর্মচারীরা

কাগজ প্রতিবেদক : শিক্ষানীতি প্রণয়ন কমিটি, শিক্ষা সংক্রান্ত যাবতীয় কমিটি ও উপ-কমিটিতে সমিতির প্রতিনিধিত্ব নিশ্চিত করণ, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বেতনের সরকারি অংশ ১০ ভাগ বৃদ্ধি করে ১০০ ভাগে উন্নীত করাসহ সাতটি দাবি আদায়ে বাংলাদেশ শিক্ষক সমিতি নেতৃত্ব বৃহত্তর আন্দোলনের হুমকি দিয়েছেন।

দাবি আদায়ের লক্ষ্যে মডার্নি ময় সভা, স্মারকপিপি পেশ, মিছিল-সমাবেশ, মানববন্ধন, সেমিনারসহ বিভিন্ন আন্দোলনের কর্মসূচি গত ১ জুলাই থেকে শুরু হয়েছে এবং ২৬ সেপ্টেম্বর পর্যন্ত কার্যকর থাকবে। এর মধ্যে সমিতির ৭ দফা দাবি আদায় না হলে পরবর্তী বৃহত্তর আন্দোলনের কর্মসূচি ঘোষণা করা হবে বলে নেতৃত্ব জানান।

গতকাল বুধবার সমিতি আয়োজিত ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সংবাদ সম্মেলনে নেতৃত্ব এ কথা জানিয়েছেন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন সমিতির সভাপতি অধ্যক্ষ এমএ আউয়াল সিদ্দিকী, প্রধান উপদেষ্টা চৌধুরী খুরশীদ আলম, সহ-সভাপতি কেএম আব্দুল হাসান, আলাউদ্দিন তুইয়া, অধ্যক্ষ মোঃ জয়নুল আবেদীন, সাধারণ সম্পাদক আবু বকর সিদ্দিক, সাংগঠনিক সম্পাদক আভিয়ার রহমান ও কোষাধ্যক্ষ আবদুর রহমান।

সমিতির নেতৃত্ব ক্ষেত্র প্রকাশ করে বলেন, জেটি সরকার ক্ষমতায় আসার পর দু'দফা বাজেট ঘোষণা করলেও বেসরকারি শিক্ষক-কর্মচারীদের জন্য বাজেটে কোনো টাকা বরাদ্দ রাখা হয়নি। নেতৃত্ব তাদের বিভিন্ন দাবি-দাওয়া সম্পর্কে বলেন,

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৮

৭ দফা দাবি মানা না হলে বৃহত্তর

শেখের পাতার পর শিক্ষাকে জাতীয়করণের জন্যই সমিতি আন্দোলন করছে। তবে অনেকেই বিষয়টিকে সরকারিকরণের সঙ্গে এক করে ফেলে বিভ্রান্তির সৃষ্টি করছে।

সর্বত্তরের শিক্ষা জাতীয়করণ করা সাপেক্ষে সংবাদ সম্মেলনে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মতো বর্তমান বেতনক্রম অনুযায়ী ইনক্রিমেন্ট প্রদান, মেডিকেল ভাতা ৩০০ টাকা, বছরে ২টি উৎসবভাতা, বাড়ি ভাড়া ভাতা বেতনের ৪৫ ভাগ প্রদান, প্রতি বছর নিয়মিত ইনক্রিমেন্ট প্রদান, ১৯৯২ সাল থেকে অবসর ভাতা প্রদান, ৩০ ভাগ মহার্ঘভাতা প্রদান, বেতনক্রম পরিবর্তন ও পরিবর্তন করা, চাকরির মেয়াদ ৬৫ বছর পর্যন্ত উন্নীত করা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীর সংখ্যা বৃদ্ধি করা, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নিয়োগদানের ক্ষেত্রে সরকারি স্কুলের অনুরূপ যোগ্যতা ও নিয়োগ পদ্ধতি প্রবর্তনসহ বিভিন্ন দাবি উপস্থাপন করা হয়েছে।